# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৭৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. তৃতীয় অনুচ্ছেদ - বিতরের সালাত

---

আরবী

وَعَن بُرَيْدَة قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْوَتْرُ حَقٌّ فَمَنْ لَمْ يُوتِرْ فَلَيْسَ مِنَّا الْوَتْرُ حَقٌّ فَمَنْ لَمْ يُوتِرْ فَلَيْسَ مِنَّا الْوَتْرُ حَقٌّ فَمَنْ لَمْ يُوتِرْ فَلَيْسَ مِنَّا» . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

১২৭৮-[২৫] বুরায়দাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ ’বিতরের সালাত (সালাত/নামায/নামাজ) আবশ্যক (অর্থাৎ ওয়াজিব)। তাই যে লোক বিতরের সালাত আদায় করল না, সে আমার উম্মাতের মাঝে গণ্য নয়। ’বিতরের সালাত সত্য’, যে বিতরের সালাত আদায় করল না সে আমার উম্মাতের মাঝে গণ্য হবে না। ’বিতরের সালাত সত্য’, যে লোক বিতরের সালাত আদায় করল না সে আমার উম্মাতের মাঝে গণ্য হবে না। বিতরের সালাত সত্য, যে ব্যক্তি বিতরের সালাত আদায় করল না সে আমার উম্মাতের মাঝে গণ্য না। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ১৪১৯, য‘ঈফ আত্ তারগীব ৩৪০, য‘ঈফ আল জামি‘ ৬১৫০। কারণ এর সানাদে ‘আতাকী একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বিতর সালাত (সালাত/নামায/নামাজ) শার‘ঈভাবে সাব্যস্ত ও প্রমাণিত এবং অতীব ও গুরুত্বপূর্ণ। যে বিতর পড়ে না সে আমার (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর) সুন্নাতের উপর এবং আমার নির্দেশিত পন্থা বা পদ্ধতির উপর নেই।

আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, لَيْسَ مِنَّا এর مِنْ বর্ণনাটি মিলিতকরণ বা সংযোগমূলক বর্ণ। যেমন- আল্লাহ তা‘আলার কথাঃ

الْمُنَافِقُوْنَ وَالْمُنَافِقَاتُ بَعْضُهُمْ مِنْ بَعْضٍ

অর্থাৎ ‘‘মুনাফিক্ব নারী পুরুষ উভয় একে অপরের বন্ধু।’’ (সূরাহ্ আত্ তাওবাহ্ ৯ : ৬৭)

এ ব্যাপারে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা, ‘আমি তোমার অন্তর্ভুক্ত নই এবং তুমি আমার অন্তর্ভুক্ত নও’। অতএব এখানে (لَمْ يُوتِرْ فَلَيْس مِنَّا) -এর অর্থ হবে যে বিতর পড়ে না সে আমার সাথে ও আমার নির্দেশিত পথ ও পন্থার সাথে সংযুক্ত নয়। অর্থাৎ বিতর সালাত (সালাত/নামায/নামাজ) শার‘ঈভাবে সাব্যস্ত বা প্রমাণিত এবং গুরুত্বপূর্ণ সুন্নাত। আর (لَمْ يُوتِرْ فَلَيْس مِنَّا) বাক্যটিকে বার বার উল্লেখ করা হয়েছে বিতরের মর্যাদা ও গুরুত্ব বুঝানোর জন্য। এ হাদীস দ্বারা হানাফীগণ বিতর ওয়াজিব হওয়ার উপর দলীল গ্রহণ করেছেন। তথা মৌলিকভাবেই বিতর ওয়াজিব (হানাফীদের নিকট) তাদের মতে الحق শব্দটি ওয়াজিব অর্থে ব্যবহার হয়েছে যা দায়িত্বের উপর দৃঢ়কারী এবং সেটার সমর্থনে বিতর পরিত্যাগকারীর উপর ধমক প্রদর্শনের দলীল।

তার জবাবে বলা যায় যে, الحق শব্দটির অর্থ হলো الثابت في الشرع অর্থাৎ শার‘ঈভাবে সাব্যস্ত সুন্নাত। যেমন- পূর্বে তা অতিবাহিত হয়েছে। আল্লামা ত্বীবী (রহঃ)-এর কথায় لَيْسَ مِنَّا এর অর্থ হলো সে আমার সুন্নায় বা আমার নির্দেশিত পন্থায় নেই, এর দ্বারা উদ্দেশ্য হলো যে অবজ্ঞা ভরে বিতর পড়ল না সে আমার দলভুক্ত নয়। সুতরাং হাদীসটি বিতর সালাত গুরুত্বপূর্ণ সুন্নাত এটাই প্রমাণ করে এবং এটাই উক্ত হাদীস এবং যে সকল হাদীসগুলো বিতর ওয়াজিব নয়, এমন প্রমাণ বহন করে সেগুলোর মাঝের সমাধান।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55838

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন